# পরিচালকমন্ডলীর প্রতিবেদন


## ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত বছরে

বিস্‌মিল্লাহির্‌ রহমানির্‌ রহিম,
সম্মানীত শেয়ারহোল্ডারবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম,

ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিঃ এর ৩৬ বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম জানাচ্ছি। আপনারা জানেন যে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও ইসরাইল-ফিলিস্তিন যুদ্ধ তৎসংশ্লিষ্ট উত্তেজনার কারনে পৃথিবীর সকল দেশ, অঞ্চল এক দুর্যোগকালীন সময় অতিক্রম করছে। বাংলাদেশ সরকারের স্বাস্থ্য বিধি মেনে এবং বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী এ বছর হাইব্রিড বার্ষিক সাধারণ সভা ২০২৩ এর আয়োজন করা হয়েছে। এ মহতী অনুষ্ঠানে সংযুক্ত হওয়ায় আপনাদের প্রতি রইল আন্তরিক অভিনন্দন। পরিচালকমন্ডলীর পক্ষ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত বছরের কর্মকান্ড, নিরীক্ষিত হিসাব ও অর্থনৈতিক তথ্যাবলীযুক্ত কোম্পানীর বার্ষিক প্রতিবেদন আপনাদের বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করার সুযোগ পেয়ে আমি আনন্দিত বোধ করছি। কোম্পানী আইন ১৯৯৪ এর ধারা-১৮৪ ও বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন ও অন্যান্য সংশ্লিষ্ট আইনের বিধি, নোটিফিকেশন মোতাবেক কোম্পানীর পরিচালক পরিষদ তাদের প্রতিবেদনে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসনের দিকে নজর রেখে সংযুক্তি ও ব্যাখ্যার মাধ্যমে ব্যবসায়িক কর্মকান্ড ও সাফল্য তুলে ধরার চেষ্টা করেছেন। আশা করি আপনাদের অব্যাহত সক্রিয় সমর্থন ও সহযোগিতায় কোম্পানী উত্তরোত্তর শক্তিশালী প্রতিষ্ঠান হিসাবে বিকশিত হবে।

Bismillahir Rahmanir Rahim,
Dear Shareholders,
Assalamu Alaikum,

Greetings and welcome to the 36th Annual General Meeting of Federal Insurance Co. Ltd. You know that all the countries and regions of the world are going through a crisis period due to Russia-Ukraine war and Israel-Palestine war. The Hybrid Annual General Meeting 2023 has been organized this year in compliance with the health regulations of the Government of Bangladesh and as per the directives of the Bangladesh Securities and Exchange Commission. Heartiest congratulations to you for joining this great event. On behalf of the Board of Directors, I am pleased to have the opportunity to present for your consideration and approval the Annual Report of the Company containing the operations, audited accounts and financial information for the year ended 31st December 2023. In accordance with Section-184 of the Companies Act 1994 and Bangladesh Securities and Exchange Commission and other related laws, the board of directors of the company has tried to highlight the business activities and success through attachment and explanation with an eye on transparency, accountability and good governance in their reports. We hope that with your continuous a support and co-operation, the company will continue to develop as a strong organization.






### কোম্পানী সম্পর্কিত তথ্য ঃ

১৯৮৭ সনের ১১ নভেম্বর ফেডারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ ৩.০০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। একই সনের ১৭ নভেম্বর বীমা অধিদপ্তর থেকে সাধারণ বীমা ব্যবসার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্ত হয় এবং ২০ নভেম্বর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। ১৯৯৫ সনে পাবলিক ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন ৬.০০ কোটি টাকায় এবং পরবর্তিতে মূলধন আরও বৃদ্ধির লক্ষ্যে ক্রমান্বয়ে বোনাস, রাইটস শেয়ার ইস্যুর মাধ্যমে কোম্পানীর পরিশোধিত মূলধন ৭১.০৪ কোটি টাকায় উন্নীত করা হয়। সংশ্লিষ্ট সকলের পৃষ্ঠপোষকতা, আন্তরিক সহযোগিতা এবং কোম্পানীর সকল কর্মকর্তা-কর্মচারীর সম্মিলিত প্রচেষ্টায় দীর্ঘ ৩৭ বছরে কোম্পানী বিভিন্ন সময়ে নানা প্রতিকুল অবস্থা, অস্থিরতা, প্রাকৃতিক দুর্যোগ প্রভৃতি কারনে এবং বিপুল পরিমান অংকের বীমা দাবী পরিশোধ সত্ত্বেও ধাপে ধাপে অগ্রগতির দিকে এগিয়ে যাচ্ছে। আন্তরিকভাবেই বিশ্বাস করি মহান আল্লাহ্তায়ালার অশেষ রহমতে এবং আপনাদের সবার আন্তরিক সহযোগিতায় আমরা কাঙ্খিত লক্ষ্যে পৌছবোই।

### ব্যবসার পরিবেশ ও ভবিষ্যত প্রত্যাশা ঃ

২০২২ সনে ইউক্রেন-রাশিয়া যুদ্ধ, কোভিড-১৯ মহামারী আবারও জাপান কোরিয়াসহ কিছু দেশে বিস্তার লাভ করে, যা বিশ্বব্যাপী যথেষ্ঠ উদ্বেগের কারণ হয়েছিল। কোভিড-১৯ এর এর নতুন ঢেউ সত্ত্বেও সরকার কর্তৃক গৃহীত ছোট ও মধ্যম ধরণের অর্থনৈতিক পুনরুদ্ধার পরিকল্পনার সঠিক বাস্তবায়নের কারণে বাংলাদেশের অর্থনীতি প্রত্যাশার চেয়েও দ্রুতগতিতে পুনঃগঠিত হয়েছে। ব্যাপক প্রবাসী আয় প্রবাহ, রপ্তানি চাহিদা পুনরুদ্ধার এবং সরকারী বিনিয়োগ এর কারনে দেশের জিডিপি ২০২২ সনে ৭.১০ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। ২০২২ সনের শেষ দিকে বৈশয়িক মন্দার প্রভাব দেশের অর্থনীতিতে ধাক্কা লাগে,

### Company Related Information:

Federal Insurance Co. Ltd. was registered on 11 November 1987 with a paid up capital of Tk 3.00 crores. On November 17 of the same year, the General Insurance Business Registration Certificate was obtained from the Department of Insurance and started official operations on November 20. In 1995, the paid-up capital was raised to Tk 6.00 crore through public issue and subsequently the company's paid-up capital was raised to Tk 71.04 crore through the issue of bonus, rights shares gradually to further increase the capital. With the patronage, sincere co-operation and joint efforts of all the officers and employees of the company, this company has been progressing step by step in spite of various adverse conditions, instability, natural disasters etc. We sincerely believe that with the infinite mercy of Almighty Allah and the sincere co-operation of all of you, we will reach the desired goal.

### Business Environment and Future Expectations:

In 2022, the Ukraine-Russia war, covid-19 epidemic again spread in some countries including Japan and Korea, which caused considerable concern worldwide. Despite the new wave of Covid-19, the economy of Bangladesh has been restructured faster than expected due to the proper implementation of the small and medium economic recovery plan adopted by the government. The country's GDP grew by 7.10 percent in 2022 due to large expatriate income inflows, recovery in export demand and government investment. In late 2022,

ফলে বিলাসী পণ্য আমদানীতে বিধি-নিষেধ আরোপ করে যার ফলে আগামী বছরগুলি দেশের জিডিপি প্রবৃদ্ধি কমতে পারে। ২০২৩ সনে জিডিপি ৬.০৩% অর্জিত হয়েছে এবং ২০২৪ সনে ৫.৭% হতে পারে বলে আশা করা যাচ্ছে। বছর শেষে বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে দাড়ায় ২৪.৩ বিলিয়ন যা ২০২১ সনে বৈদেশিক মুদ্রার রিজার্ভ সর্বোচ্চ ৪৬.৩৯ বিলিয়ন মার্কিন ডলার ছিল। খাদ্য ও অন্যান্য পণ্যের মূল্য বৃদ্ধির কারণে ২০২৩ সনে মুদ্রাস্ফীতির হার ৯.৪১ শতাংশে বৃদ্ধি পেয়েছে যা বিগত কয়েক বছর যাবৎ প্রায় ৫.৬০ শতাংশে স্থির ছিল।

বাংলাদেশে নন-লাইফ বীমা ব্যবসায়ের ইতিহাস অতি প্রাচীন। বর্তমানে সরকারী সাধারণ বীমা কর্পোরেশনসহ নন-লাইফ বীমা কোম্পানীর সংখ্যা ৪৭টি। বিগত বছরগুলোতে বাংলাদেশের বীমা শিল্পের উন্নয়নের হার ৫% যা মোট জিডিপির ০.৫৯% মাত্র। স্বল্প বিনিয়োগ ও অর্থনৈতিক কর্মকাণ্ডের ধীরগতি, অধিক করহার, বীমা সম্পর্কে মানুষের পর্যাপ্ত ধারণার অভাব ও ব্যবসা সম্প্রসারণের নিম্নগামী ধারা এই ব্যবসায়ের উন্নতির পথকে রোধ করে রেখেছে। আশার কথা হচ্ছে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহকে আমরা স্বাগত জানাই এবং আশা করি বীমা শিল্পের স্থিতিশীল ও টেকসই উন্নয়নের জন্য আইডিআরএ কর্তৃক ঘোষিত জাতীয় বীমা নীতিমালায় অন্তর্ভূক্ত বিষয়সমূহ বাস্তবায়ন এ প্রচেষ্টা অব্যাহত থাকবে। কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরন এবং কার্যক্রম পরিচালনায় নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা কোম্পানীসমূহকে সময়োপযোগী ডিজিটালাইজেশন করার উদ্যোগ গ্রহন করেছে। আমরা এ উদ্যোগকে স্বাগত জানাই এবং আশাকরি সকল বীমা কোম্পানীর জন্য সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ নিশ্চিতকল্পে ও এখাতে শৃংখলা ফিরিয়ে আনতে কর্তৃপক্ষ সফল হবে।

the effects of the financial recession hit the country's economy, leading to restrictions on the import of luxury goods, which could reduce the country's GDP growth in the coming years. GDP is expected to reach 6.03% in 2023 and 5.7% in 2024. At the end of the year, foreign exchange reserves decreased to 24.3 billion, which in 2021 was the highest foreign exchange reserve of 46.39 billion mark dollars. The inflation rate has increased to 9.41 percent in 2023 due to increase in prices of food and other commodities, which has been stable at around 5.60 percent for the past few years.

The history of non-life insurance business in Bangladesh is very old. At present there are 47 non-life insurance companies including the Government Shadaron Bima Corporation. In the past years, the development rate of the insurance industry in Bangladesh is 5% which is only 0.59% of the total GDP. Slowness of small investment and economic activity, high tax rate, lack of adequate awareness of people about insurance and downward trend of business expansion are blocking the way of growth of this business. Hopefully, we welcome the steps taken by the Insurance Development and Regulatory Authority and hope that efforts will continue to implement the issues contained in the National Insurance Policy announced by IDRA for stable and sustainable development of the insurance industry. The Insurance Development and Regulatory Authority has taken initiatives for timely digitalization of insurance companies to ensure transparency and accountability and establish control over operations. We welcome this initiative and hope that the authorities will succeed in ensuring a fair business environment for all insurance companies and bring order to it.



### ব্যবসা পর্যালোচনা ঃ

নন-লাইফ বীমা ব্যবসা নির্ভর করে দেশের অর্থনৈতিক অবস্থা, শিল্প-কারখানার উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার এবং আমানত ও বিনিয়োগ বৃদ্ধির উপর। এছাড়াও অর্থনৈতিক স্থিতিশীলতাও জীবনযাত্রার মানোন্নয়নে ও কোন কোন ক্ষেত্রে সহযোগি হয়। বীমা শিল্পের উন্নয়নের জন্য কিছু প্রতিবন্ধকতা এ শিল্পের উজ্জ্বল ভবিষ্যত পূর্ববর্তী বছর থেকে নিম্নগামী করে রেখেছে। তবে আশার কথা এই যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এই শিল্পের উন্নয়নে বেশ কিছু বাস্তবমুখী পরিকল্পনা ও কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে। এই ব্যাপারে বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন ও বীমা কোম্পানীগুলি সার্বিক সহায়তা দিয়ে যাচ্ছে। ইতিমধ্যে পরিকল্পনাগুলি বাস্তবায়ন শুরু হওয়ার ফলে বীমা শিল্পে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। আপনাদের কোম্পানী ২০২৩ সনে মোট প্রিমিয়াম আয় করেছে ৬৬৪.৬৯ মিলিয়ন যা ২০২২ সনে ছিল ৬৭৮.০৪ মিলিয়ন। গত বছরের তুলনায় প্রিমিয়াম কিছুটা হ্রাস পেয়েছে। অবলিখন মুনাফা ২০২৩ সনে কিছুটা বৃদ্ধি পেয়ে ১৪৭.৪৭ মিলিয়ন টাকা অর্জন করেছে, যা ২০২২ সনে ছিল ১৪১.২৫ মিলিয়ন টাকা।

### অগ্নি বীমা ব্যবসা ঃ

কোম্পানী ২০২৩ সনে অগ্নি বীমা ব্যবসা থেকে মোট প্রিমিয়াম আয় করেছে ২৭৬.৮৮ মিলিয়ন যা ২০২২ সনে ছিল ২৭৬.৮৯ মিলিয়ন। পুনঃ বীমা প্রিমিয়াম প্রদানের পর কোম্পানী ২০২২ সনে নীট প্রিমিয়াম আয় করেছে ১৩২.৫০ মিলিয়ন টাকা। অগ্নি বীমাতে ২০২৩ সনে অবলিখন মুনাফা হয়েছে ২৭.৭৭ মিলিয়ন টাকা, ২০২২ সনের তুলনায় এ বছর অবলিখন মুনাফা ৪১.৪৭% বৃদ্ধি পেয়েছে।

### নৌ কার্গো ও নৌ হাল বীমা ব্যবসা ঃ

নৌ কার্গো ও হাল ব্যবসা থেকে কোম্পানীর মোট প্রিমিয়াম আয় করেছে ২৬২.৮৪ মিলিয়ন টাকা যা ২০২২ সনে ছিল ২৫৬.৮০ মিলিয়ন টাকা। পুনঃ বীমা প্রিমিয়াম প্রদানের পর নৌ কার্গো ও হাল বীমা থেকে ২০২৩ সনের নীট প্রিমিয়াম আয় হয়েছে ১৯০.৭৫ মিলিয়ন টাকা। নীট বীমা দাবী পরিশোধের পর এ বছর অবলিখন মুনাফা হয়েছে ১১৯.৬০ মিলিয়ন টাকা, গত বছর ছিল ১১৩.৯০ মিলিয়ন টাকা। ২০২২ সনের তুলনায় এ বছর অবলিখন মুনাফা ৫% বৃদ্ধি পেয়েছে।

### মটর ও বিবিধ বীমা ব্যবসা ঃ

কোম্পানী মটর বীমা থেকে ২০২৩ সনে ৪২.৪৯ মিলিয়ন টাকা মোট প্রিমিয়াম আয় করেছে। পুনঃ বীমা প্রিমিয়াম প্রদানের পর মটর বীমা ব্যবসায় নীট প্রিমিয়াম আয় হয়েছে ৪০.৭৮ মিলিয়ন টাকা। নীট বীমা দাবী পরিশোধের পর এ বছর অবলিখন মুনাফা হয়েছে ২০.১০ মিলিয়ন টাকা। গত বছরের তুলনায় মটর বীমা মুনাফা বৃদ্ধি পেয়েছে।

বিবিধ বীমা ব্যবসা থেকে ২০২৩ সনে মোট প্রিমিয়াম আয় হয়েছে ৮২.৪৫ মিলিয়ন টাকা। ২০২২ সনে ছিল ৮৯.৯১ মিলিয়ন টাকা।

### Business Review:

Non-life insurance business depends on the economic condition of the country, development of industry, expansion of trade and growth of deposits and investments. Also, economic stability also helps in improving the quality of life in some areas. Certain obstacles to the development of the insurance industry have kept the bright future of the industry down from previous years. But it is hopeful that the Insurance Development and Regulatory Authority has taken some realistic plans and drastic steps to develop this industry. Bangladesh Insurance Association and insurance companies are providing full support in this regard. Positive changes are being noticed in the insurance industry as the plans have already started to be implemented. Our company earned a total premium income of Tk. 664.69 million in 2023 which was 678.04 million in 2022. The premium has decreased slightly compared to last year. Underwriting profit increased marginally to Tk. 147.47 million in 2023 from Tk. 141.25 million in 2022.

### Fire Insurance Business:

The company recorded a total premium income from fire insurance business of Tk. 276.88 million in 2023 as against Tk. 276.89 million in 2022. After paying reinsurance premiums, the company earned a net premium income of Tk 132.50 million in 2022. In fire insurance, the underwritng profit in 2023 was Tk. 27.77 million, compared to 2022, the underwriting profit increased by 41.47% this year.

### Marine Cargo and Marine Hull Insurance Business:

Total premium income of the company from marine cargo and hull business in Tk. 262.84 million in 2023 which was Tk. 256.80 million in 2022. After payment of re-insurance premium, net premium income of 2023 from marine cargo and hull insurance is Tk. 190.75 million. This year's Underwriting profit after net insurance claim payment has been Tk. 119.60 million, last year it was Tk. 113.90 million. Over 2022, underwriting profit increased by 5% this year.

### Motor and Miscellaneous Insurance Business:

The company earned a total premium income of Tk. 42.49 million in 2023 from motor insurance. After payment of reinsurance premiums, the net premium income of the motor insurance business was Tk. 40.78 million. After paying net insurance claims, the underwriting profit this year is Tk. 20.10 million. Motor insurance profit increased compared to last year. The total premium income in 2023 from miscellaneous insurance business is Tk 82.45 million. In 2022 it was Tk. 89.91 million.

### ক্রেডিট রেটিং ঃ

২০০৭ সনে প্রধান বীমা নিয়ন্ত্রক কর্তৃক ক্রেডিট রেটিং বাধ্যতামূলক করার পর আমরা সন্তোষজনক রেটিং অর্জন করে আসছি। ২০২২ সনের বার্ষিক প্রতিবেদনের উপর ভিত্তি করে ন্যাশনাল ক্রেডিট রেটিংস লিমিটেড (NCR) কোম্পানীর ব্যবসায়ের প্রবৃদ্ধি, বীমা দাবী পরিশোধের আর্থিক সক্ষমতা, বিচক্ষণ আর্থিক ব্যবস্থাপনা, স্বচ্ছলতা, বিনিয়োগ, তারল্য, আইটি ব্যবস্থাপনা ইত্যাদি বিবেচনা করে গত বছরের ক্রেটিড রেটিং এএ+ করেছিল। এ বছর ও ২০২৩ সনের বার্ষিক প্রতিবেদনের উপর ভিত্তি করে **'এএ+'** ক্যাটাগরীতে রেটিং করেছে।

### মানব সম্পদ ঃ

আমরা বিশ্বাস করি ব্যবহারিক দক্ষতা ও গুনাবলী হচ্ছে গুনগত মানসম্পন্ন কাজের অন্যতম শর্ত। শুধুমাত্র শিক্ষাগত যোগ্যতা দ্বারা ভাল কাজ পাওয়া যায় না। ভাল কাজের জন্য শিক্ষাগত যোগ্যতার সাথে পেশাগত শিক্ষা ও ব্যবহারিক প্রশিক্ষন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই লক্ষ্যে ফেডারেল ইনস্যুরেন্স তার কর্মীদের "কর্মকালীন প্রশিক্ষন" এর উপর গুরুত্ব আরোপ করে। আমাদের কর্মীদের গুনগত মান উন্নয়ন ও পেশাগত দক্ষতা অর্জনের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয় যাতে করে তারা ভবিষ্যতে দক্ষতার সাথে কোম্পানীর কার্যাবলী সম্পাদন করতে পারে।

### শাখা নেটওয়ার্ক ঃ

আমরা সারা দেশব্যাপী সর্বমোট ৩০টি শাখার মাধ্যমে ব্যবসা পরিচালনা করছি। উপযুক্ত ভালো স্থানে আরো নতুন শাখা খোলার জন্য চেষ্টা চালাচ্ছি। নতুন শাখা খোলার মাধ্যমে বাজারে আমাদের সক্রিয় উপস্থিতি যাতে আমাদের বীমা সেবা জনগণের জন্য সহজলভ্য হয়।

### অফিস স্পেস ক্রয় ঃ

পরিচালক পরিষদের ২৮/০৭/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ৬৯/১ পান্থপথ, ধানমন্ডি, ঢাকাস্থ ১৬ (ষোল) তলা বিশিষ্ট 'সুবাস্তু টাওয়ার' নামীয় ইমারতের নীচ তলায় একটি কার পার্কিংসহ ৪র্থ তলার ২,১৫০ (দুই হাজার একশত পঞ্চাশ) বর্গফুট বিশিষ্ট টাইপ "এ-৩" নং ফ্ল্যাট ও উহার যাবতীয় কমন ব্যবহারের সুযোগ সুবিধাদিসহ ফ্লোর স্পেসটি প্রতি বর্গফুট টাঃ ১১,০০০/- এবং পার্কিং ও ইউটিলিটি বাবদ টাঃ ৩,৫০,০০০/- সর্বমোট টাঃ ২,৪০,০০,০০০/- (টাকা দুই কোটি চল্লিশ লাখ) মাত্র এবং রেজিষ্ট্রেশন বাবদ টাঃ ৪২,৯৮,২২৩/- সহ মোট টাঃ ২,৮২,৯৮,২২৩/- (টাকা দুই কোটি বিরাশি লাখ আটানব্বই হাজার দুইশো তেইশ) মাত্র ক্রয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে। প্রস্তাবিত অফিস স্পেসটিতে প্রধান কার্যালয়ের দুটি বিভাগ যথা হেড অফিস সেলিং বুথ ও শেয়ার বিভাগ ছাড়াও মার্কেটিং বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের চেম্বার এবং কেন্দ্রীয় স্টোর বিভাগ এর কার্যক্রম পরিচালিত হচ্ছে।

### Credit Rating:

We have been achieving satisfactory ratings since credit rating was made mandatory by the Chief Insurance Regulator in 2007. Based on the Annual Report of 2022 considering the company's business growth, financial ability to pay insurance claims, prudent financial management, solvency, investment, liquidity, IT management etc, the National Credit Ratings Limited (NCR) has rated us AA+. In Consideration of Annual Report 2023 and other relevent performance NCR has also rated the company AA+ for this year.

### Human resources:

We believe practical skills and qualities are one of the prerequisites for quality work. Good job is not found by educational qualification. Vocational education and practical training along with academic qualification are very important for good job. For this, Federal Insurance emphasizes "on-the-job training" of its employees. Our employees are sent to various training centers to improve their quality and acquire professional skills so that they can efficiently perform the functions of the company in the future.

### Branch Network:

We are operating the business through 30 branches across the country. We are trying to open new branches in suitable locations of the country. Our active presence in the market by opening new branches to make our insurance services accessible to the masses.

### Purchase of office space:

As per the decision of the Board of Directors meeting held on 28/07/2022, 2,150 (two thousand one hundred and fifty) square feet of 4th floor with a car parking on the ground floor of the 16 (sixteen) storeyed building named 'Suvastu Tower' at 69/1 Panthapath, Dhanmondi, Dhaka. Flat No. "A-3" along with all its common use facilities floor space per square feet Tk. 11,000/- and for parking and utilities: 3,50,000/- Total Tk. 2,40,00,000/- (Taka two crore fourty lacs) only and for registration Tk. 42,98,223/- including a total amount of Tk. 2,82,98,223/- (Taka two crore eighty two lac ninety eight thousand two hundred twenty three) only purchase formalities has been completed. Currently in this office space, two departments of the head office named head office selling booth and share department, apart from the senior officers' chamber of the marketing department and the activities of the central store department are being managed.




## নিরীক্ষা প্রতিবেদন এবং আর্থিক বিবরণীর উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন ঃ

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ আপনাদের অবগতির জন্য জানান যাচ্ছে যে,

(ক) কোম্পানীর আর্থিক বিবরণীসমূহ এবং সংযুক্ত টিকাসমূহ কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০, কিছু কিছু ক্ষেত্রে বীমা আইন ১৯৩৮, বীমা বিধিমালা-১৯৫৮ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৮৭ অনুযায়ী প্রণীত হয়েছে। এ বিবরণীসমূহ কোম্পানীর আর্থিক অবস্থা, সমাপ্ত বছরের কার্যক্রমের ফলাফল এবং নগদ অর্থ প্রবাহের প্রকৃত চিত্র প্রতিফলন করে।

(খ) নিরীক্ষা প্রতিবেদনে উপস্থাপিত কিছু সংখ্যক পরামর্শের প্রেক্ষিতে আমাদের বক্তব্য নিম্নরূপ:

(১) কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের অবসর/পদত্যাগের পর কোম্পানী চাকুরী বিধি অনুযায়ী প্রাপ্য গ্রাচুইটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি পরিশোধ করে আসছে। এই খাতে বর্তমান বৎসরেও প্রভিশন করা হয়েছে এবং পরবর্তীতে অতিদ্রুত প্রয়োজনীয় প্রভিশন করা হবে। কোম্পানী অতিদ্রুত বোর্ড অফ ট্রাষ্ট্রি গঠন ও জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে।

(২) কোম্পানী প্রতি বছর আয়কর অধ্যাদেশ ১৯৮৪ অনুযায়ী আয়কর প্রভিশন করে এবং নিয়মানুযায়ী কোম্পানীর আয়কর রিটার্ণ জমা দেওয়া হয়। আয়কর এসেসম্যান্ট জটিল বিষয় হওয়ায় এবং আইনি প্রক্রিয়ার কারণে এখনো চুড়ান্ত আয়কর নির্ধারন করা হয়নি। তবে এই বিষয়টি অতিসত্ত্বর সমাধা করার লক্ষ্যে আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

(৩) 'এজেন্ট ব্যালেন্স' খাত হতে আদায়যোগ্য পরিমান আদায়ের জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে এবং অনাদায়ী পরিমান নিরীক্ষকের পরামর্শ অনুযায়ী এ বছর রাইট অফ করা হয়েছে এবং পরবর্তী বছরগুলোতে পর্যায়ক্রমে রাইট অফ করা হবে।

## Audit Report and Report of the Board of Directors on Financial Statements:

Respected shareholders hereby inform you that,

(a) The Company's financial statements and accompanying notes have been prepared in accordance with the Companies Act, 1994, the Insurance Act, 2010, in some cases the Insurance Act, 1938, the Insurance Rules—1958 and the Bangladesh Securities and Exchange Commission Act, 1987. These statements reflect the true picture of the company's financial position, results of operations and cash flows for the year ended.

(b) In view of some of the recommendations presented in the audit report, our comments are as follows:

(1) After the retirement/resignation of the officers/employees of the company, the company has been paying the gratuity and other benefits due as per the employment rules. Provisions have been made in this sector in the current year as well and necessary provisions will be made soon thereafter. The company will immediately take necessary steps for formation of Board of Trustees and approval of National Board of Revenue.

(2) The company makes provision for income tax in accordance with the Income Tax Ordinance 1984 every year and the income tax return of the company is submitted in accordance with the rules. Due to the complex nature of income tax assessment and due to legal process, the final income tax has not yet been determined. However, our efforts to resolve this issue are continuing.

(3) Our efforts to recover the amount recoverable from the 'Agent Balance' sector are continuing and the unpaid amount has been written off this year as per the auditor's advice and will be written off periodically in subsequent years.



**এমফাসিস অব ম্যাটার্স :**

(১) কোম্পানী শ্রম আইন ২০১০ (সংশোধনী ২০১৩) এর ধারা ২৩৪ অনুযায়ী মুনাফা হতে শ্রমিকদের ৫% অংশ প্রভিশন করে থাকে। বাংলাদেশ ইনস্যুরেন্স এসোসিয়েশ এর পত্র নং বিআইএ-(৫৮)/২০২০-১০০ তারিখ ১৯ মার্চ ২০২০ এর মাধ্যমে সচিব অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরিত পত্রের নির্দেশনা না পাওয়ায় উক্ত তহবিল বিতরণ করা হয়নি এবং কোন ফান্ড গঠন করা হয়নি। রেগুলেটরীর নির্দেশনা অনুযায়ী ফান্ড গঠন করা হবে।

(২) বিগত বছরের নিরীক্ষীত আর্থিক বিবরণীর উপর ভিত্তি করে বর্তমান বছরে আয়কর ভিত্তিক অবচয় নির্ধারণ করে Deffered Tax গননা করা হয়েছে।

(৩) কোম্পানী ইতিমধ্যে কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে কর্তনকৃত আয়কর বাবদ টা: ১০,০০,০০০/- (টাকা দশ লাখ) মাত্র সরকারী কোষাগারে জমা প্রদান করেছে।

(৪) ২০১৯ সনের অদাবীকৃত লভ্যাংশ ইতিমধ্যে শেয়ারহোল্ডারদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং অবশিষ্ট অংশ ক্যাপিটাল মার্কেট স্ট্যাভিলাইজেশন ফান্ডে হস্তান্তর করা হয়েছে।

(গ) কোম্পানীর প্রয়োজনীয় হিসাব বহিসমূহ সঠিকভাবে তৈরী করা হয়েছে।

(ঘ) আর্থিক বিবরণীসমূহ তৈরীতে সঠিক হিসাব নীতিমালাসমূহ যথাযথভাবে অনুসরন করা হয়েছে। ব্যত্যয়সমূহ প্রকাশ করা হয়েছে। হিসাবের অনুমানসমূহ যুক্তিসঙ্গত এবং যথাযথভাবে করা হয়েছে।

(ঙ) আন্তর্জাতিক হিসাবমানসমূহ যা বাংলাদেশে প্রযোজ্য সে অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে।

(চ) অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থা স্বচ্ছভাবে প্রণীত। যার প্রয়োগ এবং পর্যবেক্ষন সুন্দরভাবে পালন করা হচ্ছে।

(ছ) চলমান প্রতিষ্ঠান হিসাবে কোম্পানীর সক্ষমতায় কোন প্রকারের সন্দেহের অবকাশ নেই।

**Emphasis of Matters:**

(1) Company provides 5% share of profit to workers as per Section 234 of Labor Act 2010 (Amendment 2013). Bangladesh Insurance Association's letter No. BIA-(58)/2020-100 dated 19 March 2020 letter sent to the Ministry of Finance, has not received any instructions of the yet. The said fund has not been distributed and no Trustee Board has been formed. The Trustee Board will be constituted as per the regulatory directives.

2) Based on the audited financial statements of the previous year, the current year income tax based depreciation has been calculated.

3) The Company has already deposited Tk.10,00,000 (Taka ten lac) only to the Government Treasury in respect of Income Tax deducted from the employees.

4) The unclaimed dividend for the year 2019 has already been distributed to the shareholders and the balance has been transferred to the Capital Market Stabilization Fund.

(c) Necessary accounts of the company are properly prepared.

(d) Sound accounting principles have been duly followed in preparing the financial statements. Spends are disclosed. The accounting assumptions are reasonable and appropriate.

(e) The financial statements have been prepared in accordance with International Accounting Standards applicable to Bangladesh.

(f) Internal control system is designed transparently. The implementation and monitoring of which is being well observed.

(g) There is no room for doubt as to the ability of the company as a going concern.

(জ) নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে গৃহীত বিনিয়োগ স্বার্থ পরিপন্থি সিদ্ধান্ত থেকে ক্ষুদ্র বিনিয়োগকারীগণ সুরক্ষিত।

(ঝ) অন্তর্বতীকালীন লভ্যাংশ হিসেবে কোন প্রকার বোনাস শেয়ার বা স্টক ডিভিডেন্ড প্রদান করা হয়নি।

(ঞ) প্রতিবেদনকালীন সময়ে কোন অস্বাভাবিক কার্যক্রম সংগঠিত হয়নি।

(ট) গত বছরের কার্যক্রমের তুলনায় গুরুত্বপূর্ণ কোন বিচ্যুতি নাই।

### বোর্ড সভার উপস্থিতি ঃ

বোর্ড সভার সংখ্যা এবং পরিচালকদের উপস্থিতি কর্পোরেট গভর্ন্যান্স এর সংযুক্তির সাথে দেখানো হলো। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সভায় উপস্থিতির জন্য সকল পরিচালকগণ আট হাজার টাকা করে ফি পেয়ে থাকেন। নিরপেক্ষ পরিচালকসহ পরিচালকবৃন্দের বোর্ড সভায় উপস্থিতির ফি অডিট রিপোর্টের নোট নং ৪২.০০ এ দেওয়া হয়েছে।

### শেয়ারহোল্ডিং ধরণ ঃ

বিএসইসি নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর নিরীক্ষা ১.৫ (XXIII) অনুযায়ী কোম্পানীর শেয়ার হোল্ডিং এর ধরন সংযুক্তি হিসাবে দেয়া হলো।

### আর্থিক তথ্যসমূহ ঃ

কোম্পানীর বিগত ৫ বছরের গুরুত্বপূর্ণ আর্থিক ও অন্যান্য তথ্যসমূহ বার্ষিক প্রতিবেদনে দেখানো হয়েছে।

### পরিচালকদের সংক্ষিপ্ত পরিচিতি ঃ

কোম্পানীর পরিচালকদের সংক্ষিপ্ত পরিচিতি বার্ষিক প্রতিবেদনে সংযুক্ত করা হয়েছে।

### সম্পর্কিত পক্ষসমূহের লেনদেন:

বিএসইসি নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর নিরীক্ষা ১.৫ (VI) অনুযায়ী সম্পর্কিত পক্ষসমূহের লেনদেন অডিট রিপোর্টের নোট নং ৩৮.০০ এ উল্লেখিত রয়েছে।

### মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন :

মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনে এ উপস্থাপন করা হয়েছে।

(h) Small investors are protected from adverse investment decisions taken directly or indirectly by controlling shareholders.

(j) No bonus share or stock dividend has been paid as interim dividend.

(j) No unusual activities were organized during the reporting period.

(k) No material deviation from last year's activities.

### Board Meeting Attendance:

The number of board meetings and directors' attendance is shown in the Annex to Corporate Governance. As per the instructions of the Insurance Development and Regulatory Authority, all the directors get a fee of eight thousand taka for attending the meeting. Board meeting attendance fees of Directors including Independent Directors are given in Note No. 42.00 of the Audit Report.

### Type of Shareholding:

As per BSEC Notification No.SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03.06.2018 Audit 1.5 (XXIII) the nature of share holding of the company is given as annexure.

### Financial Information:

The Annual report shows the important financial and other information of the company for the last 5 years.

### Brief Introduction of Directors:

Brief introductions of the company's directors are attached to the annual report.

### Related Party Transactions:

As per BSEC Notification No.SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03.06.2018 Audit 1.5 (VI) of Related Party Transactions is mentioned in Note No. 38.00 of Audit Report.

### Management Report signed by the Chief Executive Officer:

A management report signed by the Chief Executive Officer is presented in the annual report.




### মুখ্য নির্বাহী কর্মকর্তা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার প্রতিবেদন :

মুখ্য নির্বাহী কর্মকর্তা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে।

### নিরীক্ষা কমিটির কার্যক্রমের উপর প্রতিবেদন ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর নিরীক্ষা ১.৫ (VII) অনুযায়ী কোম্পানীর নিরীক্ষা কমিটির কার্যক্রমের উপর নিরীক্ষা কমিটির চেয়ারম্যান এর প্রতিবেদন সংযুক্ত করা হলো।

### নমিনেশন এণ্ড রিম্যিউনারেশন কমিটি(এনআরসি) ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর নিরীক্ষা ১.৬ অনুযায়ী নমিনেশন এণ্ড রিম্যিউনারেশন কমিটি গঠন করা হয়। কোম্পানীর পরিচালক পরিষদের ২ জন নিরপেক্ষ পরিচালক এবং ৪ জন উদ্যোক্তা/শেয়ারহোল্ডার পরিচালক এর সমন্বয়ে পরিচালক পরিষদের নমিনেশন এণ্ড রিম্যিউনারেশন কমিটি গঠন করা হয়।

এনআরসি পরিচালক পরিষদের সদস্য ও উর্দ্ধতন কর্মকর্তাদের যোগ্যতা, অভিজ্ঞতা, স্বতন্ত্রতা বিচারের সুপারিশ নীতি ও তাঁদের কার্য পরিধি এবং পরিতোষক নির্ধারণ করতে বোর্ডকে সহযোগিতা করে। ২০২৩ সনে এনআরসির ১টি সভা অনুষ্ঠিত হয়।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গত ১৯/১০/২০২৩ তারিখে বীমাকারীর কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা, পেশাদারিত্ব ও আর্থিক শৃঙ্খলা বৃদ্ধি নিশ্চিতকল্পে "বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন" জারি করেন। উক্ত গাইডলাইন অনুযায়ী পরিচালক পরিষদের সাব-কমিটি হিসেবে অডিট কমিটি, মনোনয়ন এবং সম্মানী/পারিশ্রমিক কমিটি, বিনিয়োগ কমিটি, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি এবং গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি থাকতে হবে। গত ২৯/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালক পরিষদের সভায় উপরোক্ত কমিটিসমূহ গঠন/পুন:গঠন করা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর নিরীক্ষা ৯ (ও) অনুযায়ী কোম্পানীর কর্পোরেট গভার্নেন্স পরিপালনের সনদ প্রতিবেদন সংযুক্ত করা হলো।

### Report of the Chief Executive Officer and Chief Financial Officer:

A management report signed by the Chief Executive Officer and Chief Financial Officer is presented in the Annual Report.

### Report on Audit Committee activities:

According to Bangladesh Securities and Exchange Commission Notification No.SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03.06.2018 Audit 1.5 (VII) the report of the Chairman of the Audit Committee on the activities of the Audit Committee of the Company is attached.

### Nomination and Remuneration Committee (NRC):

Nomination and Remuneration Committee is constituted as per audit 1.6 of Bangladesh Securities and Exchange Commission Notification No. SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03.06.2018. The Nomination and Remuneration Committee of the Board of Directors is constituted with 2 independent directors and 4 sponsor/shareholder directors of the company's board of directors. The NRC assists the Board in determining the qualifications, experience, individuality of the members of the Board of Directors and senior officers, recommending policy and determining their scope of work and remuneration. One (1) meeting of NRC was held in 2023.

The Insurance Development and Regulatory Authority issued the "Corporate Governance Guidelines of Insurers" on 19/10/2023 to ensure transparency and accountability, professionalism and financial discipline in the operations of insurers. According to the guidelines, the Board of Directors should have Audit Committee, Nomination and Remuneration Committee, Investment Committee, Risk Management Committee and Policyholder protection & Compliance committee as sub-committees.According to Bangladesh Securities and Exchange Commission Notification No. SEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03.06.2018 audit 9 (o) of the company's corporate governance compliance certificate report is attached.



### সামাজিক দায়বদ্ধতা (কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি) :

ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিঃ কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) বা সামাজিক দায়বদ্ধতা এর আওতা সীমিত পরিসরে অব্যাহত রেখেছে। পরিচালকমন্ডলীর সিদ্ধান্তক্রমে কোম্পানীর আর্থিকভাবে অসচ্ছল স্টাফ বা অন্যান্য ছাত্রদের শিক্ষাবৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহন করেছে। এ ব্যাপারে একটি নীতিমালা প্রনয়নের মাধ্যমে কর্মকান্ড শুরু হয়েছে।

* বিগত বছরে বিভিন্ন মন্ত্রনালয় কর্তৃক বিশেষ বিশেষ দিবস পালন উপলক্ষ্যে প্রচারে আর্থিকভাবে সহযোগিতা করেছে।
* জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীমা শিল্পে যোগদান উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১লা মার্চ কে জাতীয় বীমা দিবস ঘোষণা করেছেন। জাতীয় বীমা দিবস কে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে কোম্পানীর প্রধান কার্যালয়সহ শাখা অফিস সমুহে ব্যানার ও ঢাকা শহরের গুরুত্ব সড়কে ও সড়কদ্বীপে ফেস্টুন টাঙ্গানো হয়েছে এবং বিভিন্ন পত্রিকা/স্মরনিকায় বিজ্ঞাপন প্রচার করা হয়েছে।
* বিভিন্ন শিল্প, সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানে অথবা প্রকাশনায় আর্থিকভাবে অথবা বিজ্ঞাপন দিয়ে সহযোগিতা করেছে।
* বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে।

### মুনাফা ও লভ্যাংশ ঃ

২০২৩ সনে ইউক্রেন-রাশিয়া যুদ্ধ কারণে অর্থনৈতিক সংকট তৈরী, ডলারের উচ্চমূল্য ও নানাবিধ বিধি নিষেধের করণে আমদানী-রপ্তানী হ্রাস এবং মহামারী কোভিড-১৯ এর প্রভাব পুরাপুরি শেষ না হওয়ায় বিশ্বব্যাপী ব্যবসা-বাণিজ্য হ্রাস পেয়েছে। তার প্রভাব আমাদের কোম্পানীতেও পড়েছে। আপনারা শুনে সুখী হবেন যে নানাবিধ প্রতিকুলতা সত্ত্বেও কোম্পানীর প্রিমিয়াম আয় বৃদ্ধি পেয়েছে। পূর্বের ন্যায় ২০২৩ সনেও বিপুল পরিমান বীমা দাবী পরিশোধ সত্ত্বেও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যকরী কিছু নির্দেশনার কারণে কোম্পানীর মুনাফা স্থিতিশীল পর্যায়ে রয়েছে। তবে কোম্পানীর তারল্যে বেশ প্রভাব পড়েছে এবং কোম্পানী ২০২৩ সনে ১১৯.৬৪ মিলিয়ন টাকা করপূর্ব নীট মুনাফা করতে সক্ষম হয়েছে। মুনাফা থেকে ৪৭.৪৭ মিলিয়ন টাকা আয়কর প্রভিশন করা হয়েছে এবং ২.০০ মিলিয়ন টাকা ব্যতিক্রমধর্মী ক্ষতির জন্য রিজার্ভ করা হয়েছে। কোম্পানীর মুনাফা হওয়ায় লভ্যাংশ প্রদানের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে সকল শেয়ারহোল্ডারকে পরিশোধিত মূলধনের উপর ১০% নগদ ডিভিডেন্ড প্রদানের জন্য পরিচালক পরিষদ সুপারিশ করেছেন।

### Corporate Social Responsibility (CSR):

Federal Insurance Company Ltd. has continued to embrace Corporate Social Responsibility (CSR) to a limited extent. According to the decision of the board of directors, the company has taken measures to provide scholarships to financially indigent staff or other students. Actions have been initiated by formulating a policy in this regard.

- Financial assistance has been provided by various Ministries in previous years in the campaign on the occasion of the observance of special days.
- The Government of the People's Republic of Bangladesh has declared March 1 as National Insurance Day to mark the joining of the insurance industry by Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. In order to make the National Insurance Day a success, banners and festoons have been hung at the main office and branch offices of the company and festoons on important roads in Dhaka city and advertisements have been published in various newspapers/souvenirs.
- Contributed financially or through advertising to various arts, cultural events or publications.
- Financial assistance has been provided to various educational institutions.

### Profit and Dividend:

In 2023, the economic crisis caused by Ukraine-Russia war, high value of the dollar and the reduction of imports and exports due to various restrictions, and the impact of the pandemic Covid-19, has reduced the global trade. It has also affected our company. You will be happy to hear that the premium income of the company has increased despite various headwinds. As before, in 2023 even in spite of paying huge amount of insurance claims, the profit of the company is at a stable level due to some effective guidelines of the insurance development and regulatory authorities. However, the liquidity of the company has been significantly affected and the company has managed to make a net profit before tax of Tk 119.64 million in 2023. Income tax provision of Tk.47.47 million has been made from profit and Tk.2.00 million has been reserved for exceptional losses. The board of directors has recommended to all the shareholders to pay 10% cash dividend on the paid up capital.

## ব্যালেন্স শীট তারিখের পরবর্তী বিষয়াদি ঃ

চলমান ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে বিশ্বব্যাপী অর্থনৈতিক অনিশ্চিয়তা, ডলার সংকটের কারণে আমদানী-রপ্তানি হ্রাস পেয়েছে। আশার কথা হলো মোট জনসংখ্যার ৮০ শতাংশের বেশী মানুষকে টিকার আওতায় আনার কারণে বাংলাদেশে এখন কোভিড-১৯ মহামারীর ঝুঁকি কমে যাওয়ার কারণে এ সংক্রান্ত নিয়ন্ত্রণমূলক বিধিনিষেধসমূহ তুলে নেওয়া হয়েছে। এর পরিপ্রেক্ষিতে অর্থনীতি গতি লাভ করবে এবং ক্রমান্বয়ে গতানুগতিক ধারায় ফিরে এই আশাবাদ ব্যক্ত করা যাচ্ছে। অর্থনীতির প্রধান চালিকা শক্তিসমূহ যথা তৈরি পোশাক খাতের রপ্তানি চাহিদা বৃদ্ধি, প্রবাসী আয় প্রবাহ, অবকাঠামো প্রকল্পে সরকারী বিনিয়োগ ২০২৩ সাল থেকে গতি ফিরিয়ে আনতে ও উচ্চহারে প্রবৃদ্ধি পেতে সহায়তা করবে বলে আশা করা যাচ্ছে।

আগামীতে বীমা কোম্পানীগুলোর প্রতিযোগিতা তীব্রতর হবে এতে কোন সন্দেহ নেই। প্রকৃতপক্ষে সুষ্ঠু প্রতিযোগিতা শিল্প বিকাশে সহায়ক। তবে আমাদের পূর্ব অভিজ্ঞতা থেকে বলা যায়, বীমা শিল্পের প্রতিযোগিতা আমাদের দেশে কাঙ্খিত পরিবেশ এবং নিয়মকানুনের মধ্যে সীমাবদ্ধ থাকছে না। এই প্রতিযোগিতার ক্ষেত্রে সুষ্ঠুতা এবং আইনানুগতা নিশ্চিত করা না গেলে বীমা শিল্পের ভবিষ্যত সংকটাপন্ন হয়ে পড়ার সম্ভাবনা আছে। সব কিছু বিবেচনায় রেখেই এই শিল্পের সুষ্ঠু বিকাশে সহযোগিতা এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের স্বার্থ সংরক্ষণ করে উচ্চতর সেবা ও নৈতিকতার মাধ্যমে লাভজনকভাবে কোম্পানীকে এগিয়ে নিয়ে যাওয়ার সংকল্পে আমরা বদ্ধপরিকর।

উল্লেখ্য, ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রস্তুতকৃত ব্যালেন্স শীট এর পরবর্তী সময়ে কোম্পানীর প্রিমিয়াম আয়ের ধারা প্রায় একই আছে। বড় ধরণের কোন বিপর্যয় না হলে আগামীতে মুনাফা বৃদ্ধি আশা করা অত্যন্ত সংগত।

## উদ্যোক্তা পরিচালকদের অবসরগ্রহন এবং পুণ: নির্বাচন ঃ

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১১৪ নং আর্টিকেল অনুযায়ী নিম্নলিখিত উদ্যোক্তা পরিচালকগণ অবসর গ্রহণ করেন :

১। জনাব এনামুল হক (মেসার্স প্যারাডাইস কর্পোরেশন (প্রাঃ) লিঃ এর প্রতিনিধি)

২। জনাব মোঃ আবদুল খালেক

৩। জনাব মোরশেদুল শফি (মেসার্স জে এস ইন্টারন্যাশনাল কর্পোরেশন লিঃ এর প্রতিনিধি)

৪। জনাব তাহরির নাওয়াজ

কোম্পানীর আর্টিকেল্স অব এসোসিয়েশন এর ১১৬ নং আর্টিকেল অনুযায়ী উদ্যোক্তা পরিচালকগণ পুনরায় নির্বাচনের যোগ্য এবং তাঁরা সকলে পুণঃ নির্বাচনের জন্য আগ্রহ প্রকাশ করেছেন।

## পাবলিক শেয়ারহোল্ডার থেকে পরিচালক নির্বাচন ঃ

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১১৪ নং আর্টিকেল অনুযায়ী পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক (গ্রুপ-বি) এর মধ্যে জনাব জিয়া উদ্দিন অবসর গ্রহণ করেন।

## Matters after the balance sheet:

Global economic uncertainty due to the ongoing Ukraine-Russia war, the dollar crisis has reduced imports and exports. Hopefully, with more than 80 percent of the population being vaccinated, regulatory restrictions have now been lifted as the risk of a covid-19 pandemic is reduced in Bangladesh. In view of this, this optimism is being expressed that the economy will gain momentum and gradually return to the traditional trend.

The main driving forces of the economy namely increasing export demand in the ready-made garment sector, expatriate income inflows, government investment in infrastructure projects are expected to help restore momentum and achieve higher growth from 2023 onwards.

There is no doubt that the competition of insurance companies will intensify in the future. Indeed, fair competition is conducive to industrial growth. But from our previous experience, the competition in the insurance industry is not limited to the desired environment and regulations in our country. If the fairness and legality of this competition is not ensured, the future of the insurance industry is likely to be in jeopardy.Keeping everything in mind, we are determined to profitably advance the company through superior service and ethics while contributing to the fair development of this industry and safeguarding the interests of our valued shareholders.

It may be noted that the company's premium income trend is almost the same after the balance sheet prepared on December 31, 2023. Barring a major catastrophe, it is highly consistent to expect future profit growth.

## Retirement and Re-election of Sponsor Directors:

As per Article No. 114 of the Company's Articles of Association, the following Directors retire:

1. Mr. Enamul Hoq (Representative of M/s Paradise Corporation (pvt) Ltd.)
2. Mr. Md. Abdul Khaleque
3. Mr. Morshedul Shafi (Representative of M/s JS International Corporation Ltd.)
4. Mr. Tahreer Nawaz

As per Article No. 116 of the Company's Articles of Association, the sponsor directors are eligible for re-election and all have expressed interest for re-election.

## Election of directors from public shareholders:

According to Article No. 114 of the Company's Articles of Association, Mr. Jia Uddin retired as a Public Shareholder Director (Group-B).

### নিরপেক্ষ পরিচালক ঃ

কোম্পানীর নিরপেক্ষ পরিচালক জনাব মোঃ রফিকুল ইসলাম গত ০৮.০৬.২০২১ তারিখে নিয়োগ প্রাপ্ত হন। বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর ১(২) (ই) অনুযায়ী তিনি অবসর গ্রহণ করেন। উপরোক্ত নোটিফিকেশন অনুযায়ী তিনি পরবর্তী মেয়াদের জন্য পুনরায় নির্বাচিত হওয়ার যোগ্য। কোম্পানীর পরিচালক পরিষদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব মোঃ রফিকুল ইসলামকে পরবর্তী এক মেয়াদের জন্য (তিন বছর) গত ২৮/০৪/২০২৪ তারিখের সভায় পুন:নিয়োগ দিয়েছেন যা ০৮.০৬.২০২৪ তারিখ থেকে কার্যকর হবে। পরিচালক পরিষদ কর্তৃক নিয়োগকৃত নিরপেক্ষ পরিচালক জনাব মোঃ রফিকুল ইসলামকে পরবর্তী এক মেয়াদের জন্য (তিন বছর) কোম্পানীর পরিচালক পরিষদের সদস্য হিসেবে অনুমোদনের সুপারিশ করেছেন।

### অডিটর নিয়োগ ঃ

(ক) কোম্পানীর ৩৫ বার্ষিক সাধারণ সভায় চার্টার্ড একাউন্টেন্টস মেসার্স জি. কিবরিয়া এন্ড কোং, চাটার্ড একাউনটেন্টস, কে অডিটর নিয়োগ করা হয়। তাঁরা ২০২৪ সনের জন্য পুণঃ নিয়োগ যোগ্য। তাঁরা ২০২৪ সনের অডিটর হিসেবে দায়িত্বে নিযুক্ত থাকার আগ্রহ প্রকাশ করেছেন।

(খ) কোম্পানীর ৩৫ বার্ষিক সাধারণ সভায় চার্টার্ড একাউন্টেন্টস মেসার্স শফিক বসাক এণ্ড কোং, চাটার্ড একাউনটেন্টস, কে কোম্পানীর কর্পোরেট গভ্যর্ন্যান্স কমপ্লায়েনস্ কোড নিরীক্ষক নিয়োগ করা হয়। তাঁরা এ দায়িত্বে নিযুক্ত থাকার আগ্রহ প্রকাশ করেছেন। পুণঃ নিয়োগের যোগ্য বিধায় ২০২৪ সনের জন্য তাঁরা পুনঃ নিয়োগের প্রস্তাব দিয়েছেন।

(গ) বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন-২০২৩ এর ধারা ১৯ এর ৩ অনুযায়ী কোম্পানীর ২০২৪ সনের জন্য চার্টার্ড সেক্রেটারীস মেসার্স জেসমিন এণ্ড এসোসিয়েটস, চাটার্ড সেক্রেটারীস কে বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স এর শর্তাবলী প্রতিপালন বিষয়ে নিরীক্ষক নিয়োগের জন্য পরিচালক পরিষদ সুপারিশ করেছেন।

### কর্পোরেট গভর্ন্যান্স

ফেডারেল ইস্যুরেন্স কর্পোরেট গভ্যর্ন্যান্স ব্যাপারে অত্যন্ত সজাগ ও যত্নশীল। কর্পোরেট গভর্ন্যান্স পরিচালন এখন সময়ের দাবী। এরমধ্যে দায়বদ্ধতা, তথ্য প্রকাশ, স্বচ্ছতা, ন্যায়বিচার সঠিকতা অন্তর্ভুক্ত।

### Independent Director:

Independent director of the company Mr. Md. Rafiqul Islam was appointed on 08.06.2021. He retired as per Bangladesh Securities and Exchange Commission Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03.06.2018 1(2) (e). He is eligible for re-election for the next term as per above notification. The Board of Directors of the Company has re-appointed Mr. Md. Rafiqul Islam, former Secretary to the Government of the People's Republic of Bangladesh, for a further term (three years) in the last meeting dated 28/04/2024 with effect from 08.06.2024. The independent director appointed by the Board of Directors has recommended the approval of Mr. Md. Rafiqul Islam as a member of the Board of Directors of the company for a further term (three years).

### Appointment of Auditor:

(a) In the 35th Annual General Meeting of the Company, Chartered Accountants Ms. G. Kibria & Co., Chartered Accountants, were appointed auditors. They are eligible for re-appointment for the year 2024. They have expressed their interest to be appointed as auditors for the year 2024.

(b) Chartered Accountants Ms. Shafiq Basak & Co., Chartered Accountants, were appointed auditors of the Company's Corporate Governance Compliance Code at the 35th Annual General Meeting of the Company. They have expressed interest in being employed in this role. They offered re-appointment for the year 2024 as eligible for re-appointment.

(c) The Board of Directors has recommended the appointment of the Chartered Secretaries M/s Jasmin & Associates, Chartered Secretaries for the year 2024 of the Company as per Section 19-3 of the Insurer's Corporate Governance Guidelines - 2023 for the appointment of auditors for compliance with the terms of the Insurer's Corporate Governance Guideline.

### Corporate Governance:

Federal Insurance is very vigilant and careful about corporate governance. Corporate governance management is the need of the hour. These include accountability, disclosure, transparency, justice and

আমরা সর্বদা কর্পোরেট সুশাসনের এই বৈশিষ্টগুলি ধারন করি এবং আমাদের প্রতিযোগি, গ্রাহক ও নীতিনির্ধারকদের নিকট অনুরূপ প্রত্যাশা করি। বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন ২০১৮ তারিখের প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ এর সুপারিশসমূহ কোম্পানীতে কার্যকর করা হচ্ছে/রয়েছে। উপরিল্লিখিত প্রজ্ঞাপনের ৯ নং ধারা অনুযায়ী কোম্পানীর কমপ্লায়েনস্ এর বিবরণী এবং চার্টার্ড একাউন্টেন্টস এর রিপোর্ট এতদসঙ্গে সংযুক্ত করা হল।

### উপসংহার ঃ

ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানীকে অব্যাহত সমর্থন এবং সহযোগিতার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সেন্ট্রাল রেটিং কমিটি, বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন, রেজিষ্ট্রার অফ জয়েন্ট ষ্টক কোম্পানিজ এণ্ড ফার্মস, বাংলাদেশ ইনস্যুরেন্স এসোসিয়েশন, বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিষ্টেড কোম্পানীজসহ সংশ্লিষ্ট সকল আর্থিক প্রতিষ্ঠান এবং কর্তৃপক্ষ সমুহকে পরিচালক পরিষদ আন্তরিক কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাচ্ছে।

পরিচালক পরিষদ দেশের একমাত্র পুণ:বীমা প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশনকে তাদের পরামর্শ সহযোগিতা এবং সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছে।

পরিচালক পরিষদ কোম্পানীর সকল শুভাকাঙ্খী, বীমা গ্রহীতা, বাংলাদেশ ব্যাংক এবং বাণিজ্যিক ব্যাংক থেকে প্রাপ্ত সহযোগিতা, পৃষ্ঠপোষকতা এবং উৎসাহ কৃতজ্ঞতার সাথে রেকর্ডভূক্ত করছে এবং কোম্পানীর সম্মানীত বীমা গ্রহীতাকে উচ্চমান সেবা প্রদান অব্যাহত রাখার অঙ্গীকার ব্যক্ত করছে।

পরিচালক পরিষদ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং কোম্পানীর সকল উর্দ্ধতন কর্মকর্তাসহ সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকেও তাদের উৎকর্ষিত সেবার জন্য ধন্যবাদ জানাচ্ছে।

fairness. We always uphold these characteristics of good corporate governance and expect the same from our competitors, customers and policy makers. The recommendations of Bangladesh Securities and Exchange Commission Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated June 3, 2018 are/are being implemented in the company. The statement of compliance of the company and the report of the chartered accountants as per clause 9 of the above notification are enclosed herewith.

### Conclusion:

The Board of Directors expresses its sincere gratitude and thanks to the Government of the People's Republic of Bangladesh, Ministry of Finance, Insurance Development and Regulatory Authority, Central Rating Committee, Bangladesh Securities and Exchange Commission, Registrar of Joint Stock Companies and Firms, Bangladesh Insurance Academy, Dhaka Stock Exchange PLC, and Chittagong Stock Exchange PLC., Bangladesh Association of Publicly Listed Companies the financial institutions and authorities and all concerned for their continued support and co-operation to Federal Insurance Company.

The Board of Directors is grateful to Shadaron Bima Corporation, the only reinsurer in the country, for their advice, co-operation and support.

The Board of Directors gratefully records the cooperation, patronage and encouragement received from all the well-wishers of the Company, Policyholders, Bangladesh Bank and Commercial Banks and pledges to continue providing high quality services to the esteemed policyholders of the Company.

The Board of Directors would also like to thank the Managing Director and Chief Executive Officer of the Company and all the senior officers of the Company for their excellent service.

পরিশেষে ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর উত্তরোত্তর উন্নতির জন্য নির্বাহী কমিটিসহ কোম্পানীর বিভিন্ন কমিটির সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, কোম্পানীর ভাইস-চেয়ারম্যান এবং পরিচালকমণ্ডলী এর নিরলস শ্রম এবং কোম্পানীর শেয়ারহোল্ডারবৃন্দের অব্যাহত সমর্থন, অকৃত্রিম সহযোগিতা এবং মূল্যবান পরামর্শ কোম্পানী কৃতজ্ঞতার সাথে স্মরণ করছে এবং ভবিষ্যতেও অনুরূপ সমর্থন-সহযোগিতা কামনা করছে।

সর্বোপরি, সকল কার্যক্রম সঠিকভাবে সম্পাদিত হওয়ায় মহান আল্লাহ তা'লার নিকট কোম্পানী শুকরিয়া আদায় করছে এবং ভবিষ্যত কার্যাবলী সুষ্ঠু ও সফলভাবে পরিচালনার জন্য তাঁর সাহায্য প্রার্থনা করছে।

আপনাদের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনায়।

আল্লাহ হাফেজ।

পরিচালক পরিষদের পক্ষে

**এনামুল হক**
চেয়ারম্যান

Finally, the Company gratefully recalls the continuous support, genuine co-operation and valuable advice of the honorable Vice-Chairman and the Board of Directors of the Company along with the Sub Committee for the future development of Federal Insurance Company Limited and the continuous support of the Company's shareholders and seeking similar support in future.

Above all, the company is grateful to Almighty Allah for all the activities are done properly and seeks help for the smooth and successful conduct of the future activities.

Wishing all of you good health and good luck.

Allah Hafez.

On behalf of the Board of Directors

**Enamul Hoq**
Chairman